

ফাতওয়া নম্বার: ২৯১

প্রকাশকাল: ০১-১০-২০২২ ইং

দ্বীনি কাজের জন্য বাড়ি বানানোর উদ্দেশ্যে কি ব্যাংক থেকে লোন নেওয়া যাবে?

প্রশ্ন:

কেউ দ্বীনি কাজে ব্যবহার করার জন্য বাড়ি বানাতে চাচ্ছে। এ উদ্দেশ্যে তার জন্য কি ব্যাংক থেকে লোন নেওয়া জায়েয হবে?

প্রশ্নকারী- আব্দুল্লাহ মুহাম্মাদ

উত্তর:

সুদ নেয়া দেয়া উভয়টিই হারাম। তাই দ্বীনি কাজের উদ্দেশ্যে বাড়ি তৈরির জন্যও সুদি লোন নেয়া জায়েয হবে না। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِن كُنتُمْ مُؤْمِنِينَ * فَإِن لَّمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ. البقرة:

279278

“হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় কর এবং সুদের যা বকেয়া আছে তা ছেড়ে দাও; যদি তোমরা মুমিন হও। যদি তা না কর, তবে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ হতে যুদ্ধের ঘোষণা শুনে নাও” -সূরা বাকারা (২): ২৭৮-২৭৯।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুদি লেনদেনে জড়িত সকলকে লানত করেছেন। জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত-

لعن رسول الله - صلى الله عليه وسلم - أكل الربا وموكله وكتابه وشاهديه وقال هم سواء. - صحيح مسلم، رقم: 4177؛ ط. دار الجيل بيروت + دار الأفق الجديدة. بيروت

“সুদ গ্রহীতা, সুদ দাতা, সুদি লেন-দেনের লেখক ও স্বাক্ষরীদ্বয়, সকলের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লানত করেছেন এবং বলেছেন, এরা সবাই সমান।” -সহীহ মুসলিম ৪১৭৭

বিস্তারিত জানতে দেখুন:

ফাতওয়া নং ২৪২, ‘ব্যাংক থেকে হোম লোন নিয়ে বাড়ি করা কি বৈধ হবে?’ লিংক: [ব্যাংক থেকে হোম লোন নিয়ে বাড়ি করা কি বৈধ হবে?](#)

والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৫-০৩-১৪৪৪ হি.

২২-১০-২০২২ ঈ.

